উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম।

**বিষয় ঃ উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় উপস্থিতি।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নেটওয়ার্ক সার্ভার কানেকশন দুর্বল ও জটিলতার কারণে ২৪/০৮/২০২১ খ্রিঃ তারিখে (জুম প্লাটফরম) সভায় অংশ গ্রহণকারীগণের সিদ্ধান্তের আলোকে আগামী ২৬/০৮/২০২১ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার দুপুর ১২.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে জনাব মোঃ আকবর হোসেন হিরো, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর সভাপতিত্বে স্বাস্থ্য বিধি ও সামাজিক দুরত্ব বজায় রেখে আগস্ট'২০২১ খ্রিঃ-এর মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় স্ব-স্ব দপ্তর এর কর্মপরিকল্পনা, বাস্তবায়ন ও অগ্রগতি সম্পর্কিত তথ্যসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

উক্ত সভায় সকল সম্মানিত সদস্য এবং বিভাগীয় কর্মকর্তাগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচি ঃ

১। গত সভার সিদ্ধান্ত পাঠ ও অনুমোদন।
২। বিভিন্ন বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে আলোচনা।
৩। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যয় সংক্রান্ত পর্যালোচনা।
৪। বিবিধ।

24-08-2021

(মোঃ নবীরুল ইসলাম)
ও
মুখ্য নির্বাহী অফিসার
উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ফোন ঃ ০৫৮২৩-৫৬০০১
ই-মেইল ঃ unorajibpur@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০৮.০০০.০৪.৫৯.২১-৬৮৮

তারিখ ঃ ০৯ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ
২৪ আগস্ট ২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ২৮, কুড়িগ্রাম-৪।
০২। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৪। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৫। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৬। সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৬। চেয়ারম্যান, রাজিবপুর/কোদালকাটি/মোহনগঞ্জ ইউ.পি, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৮। ..............................................................
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৫। অফিস কপি।

24-08-2021

উপজেলা নির্বাহী অফিসার
চর রাজিবপুর, কুড়িগ্রাম

# উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর আগস্ট'২০২১ খ্রিঃ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব মোঃ আকবর হোসেন হিরো
উপজেলা পরিষদ চেয়ারম্যান
চর রাজিবপুর, কুড়িগ্রাম।

সভার তারিখ ঃ ২৬ আগস্ট'২০২১ খ্রিঃ।

সভার সময় ঃ বেলা ১২.০০ ঘটিকা।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যের তালিকা হাজিরা খাতায় সংরক্ষিত।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে এজেন্ডা ভিত্তিক আলোচনা শুরু করা হয়।

আলোচ্য সূচী ঃ ১। গত জুলাই'২০২১ খ্রিঃ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। বিভিন্ন বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে আলোচনা।
৩। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যয় সংক্রান্ত পর্যালোচনা।
৪। বিবিধ।

আলোচনা ও সিদ্ধান্ত ঃ কোন সংশোধনী/আপত্তি না থাকায় জুলাই'২০২১ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান জুনোটিক রোগ নিয়ন্ত্রণ ও নির্মূল করার লক্ষ্যে প্রাণিসম্পদ অধিদপ্তরাধীন জনস্বাস্থ্য সুরক্ষায় ভেটেরিনারি পাবলিক হেলথ শীর্ষক প্রকল্পের আওতায় জুনোটিক রোগ (এনথ্রাক্স,বুসোলোসিস, র‍্যাবিস টিউবার কুলোসিস) নির্ণয় এর জন্য অত্র দপ্তরের মাধ্যমে র‍্যাপিড টেষ্টের মাধ্যমে কার্যক্রম চলমান রয়েছে। পাশাপাশি চুড়ান্ত রোগ নির্ণয় সাপেক্ষে ক্ষতিগ্রস্থ খামারী/কৃষককে উপজেলা কমিটির সিদ্ধান্ত মোতাবেক ক্ষতিপুরণের ব্যবস্থা করা হবে মর্মে সভায় অবগত করেন। তিনি সভায় আরও জানান সীমান্তবর্তী সুবিধা বঞ্চিত ৮৬টি এলাকা ও নদী বিধোত চরাঞ্চলে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় অত্র উপজেলায় ৩টি ইউনিয়নের ২৫টি গ্রামে ৯টি প্যাকেজে ৭৭৫ জন সুফলভোগী নির্বাচনের লক্ষ্যে প্রকল্পে নিয়োগ প্রাপ্ত এলএফএফগণ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের সহযোগিতায় ক্রাইটেরিয়া অনুযায়ী সুফলভোগী নির্বাচনের কাজ চলমান রয়েছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, চর রাজিবপুর |
| ০২ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান উপজেলা কৃষক প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণের জন্য উপজেলা পরিষদের পুকুরের পশ্চিম পার্শ্বে পুরাতন নার্সারীর জায়গা চুড়ান্তভাবে নির্ধারণের প্রস্তাব প্রেরণ করা হয়েছে।<br>সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় কৃষি যন্ত্রপাতি ও উপকরণ সংরক্ষণাগার নির্মাণের জন্য ১২০০ বর্গফুট বিশিষ্ট ১ তলা ভবনের স্থান কৃষক প্রশিক্ষণ কন্দ্রের পার্শ্বেই নির্মাণ করার প্রস্তাব করেন। কৃষক প্রশিক্ষণ যন্ত্রপাতির নিরাপত্তার স্বার্থে পশ্চিম পার্শ্বে সীমানা প্রাচীর নির্মাণে এবং প্রশিক্ষণ কেন্দ্রে যাতায়াতের সুবিধার | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ করতে হবে।<br>০২। উপজেলা পরিষদের পুকুরের পশ্চিম পার্শ্বে পুরাতন নার্সারীর জায়গায় উপজেলা কৃষক প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, চর রাজিবপুর<br>০২। উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর |

| | | | | |
|---|---|---|---|---|
| | | জন্য সংযোগ সড়ক ১২২ মিটার বর্ধিত করণের প্রস্তাব করেন। সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে ৫০% ভূর্তকীতে কৃষি যন্ত্রপাতি বিতরণ। | | |
| ০৩ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভায় উপস্থিত না থাকায় উপজেলা মৎস্য বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা মৎস্য অফিসার'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা মৎস্য অফিসার, চর রাজিবপুর |
| ০৪ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) ১ম কিস্তি বরাদ্দ পাওয়া গেছে।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের কোন স্থানে যে কোন ভবনের জন্য জায়গা নির্ধারণ করতে হলে সংশ্লিষ্ট অধিদপ্তরের চুক্তিসম্পাদ/মাস্টার প্লান থাকতে হবে। বাসাবাড়ী ভাড়া ও ডরমেটরী ভাড়া, বিদ্যুৎ বিল নিয়মিত পরিশোধ হচ্ছে না। এ বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদের বাসাবাড়ী ও ডরমেটারীতে বসবাসকারী বকেয়া ভাড়া ও বিদ্যুৎ বিল আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ০৫ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় উপস্থিত না থাকায় উপজেলা জনস্বাস্থ্য বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, চর রাজিবপুর |
| ০৬ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় চিকিৎসাসহ বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। ফ্রিজে ভ্যাকসিন রাখার জন্য ৪টি ব্যাটারী প্রয়োজন। | চিকিৎসাসহ বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর |
| ০৭ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর, চর কুড়িগ্রাম |
| ০৮ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আর ও জানান ২০২১-২১ অর্থ বছরে টিআর, কাবিখা এবং অন্যান্য বরাদ্দ না পাওয়ায় বর্তমানে কোন উন্নয়ন মূলক কার্যক্রম চলমান নেই। বর্তমানে জিআর খাতে ৩৩৩ নম্বরে কল করা ব্যক্তিদের জন্র ১,৫০,০০০/- বরাদ্দ আছে এবং সেই অর্থ দিয়ে পত্রের নির্দেশনা মোতাকে শুকনা খাবার প্যাকেট প্রস্তুত করা আছে। ৩৩৩ নম্বরে কল করা ব্যাক্তিদের প্যাকেট বিতরণ করা হচ্ছে। তাছাড়া ২৫/০৮/২০২১ তারিখের ৫৩৪ নম্বর স্মারকে চর রাজিবপুর উপজেলায় বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ এবং কোভিড-১৯ এর পরিপ্রেক্ষিতে পরিবহন শ্রমিকসহ কর্মহীন ও দুঃস্থ ব্যক্তিদের সহায়তায় ১৫ মেঃটন চাল এবং ৫০,০০০/- টাকা জিআর ক্যাশ বরাদ্দ দেওয়া হয়েছে। বরাদ্দ প্রাপ্ত চাল এবং টাকা বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। বর্তমানে নদীর পানি দিনদিন বৃদ্ধি পাচ্ছে সম্ভাব্য বন্যায় সবাইকে সতর্ক থাকতে হবে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ০৯ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার'র প্রতিনিধি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ২০২০-২১ অর্থ বছরে বয়স্ক, বিধাব ও প্রতিবন্ধী ভাতাভোগীর জুন/২১ ভাতাভোগীর ব্যাংক হিসাব রি-কনশলিয়েসন্স এর কাজ চলছে। আগামী মাসের ১ম সপ্তাহে ২০২১-২২ অর্থ বছরের ১ম কিস্তির ভাতার অর্থ প্রেরণ করা হবে। অফিসে ব্যবহার যোগ্য বাথরুম এবং মূল ভবন হতে অফিস গমনের রাস্তা তৈরীর জন্য অনুরোধ করেন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকতা, চর রাজিবপুর |

চলমান পাতা-৩

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান করোনা পরিস্থিতিতে প্রতিনিয়ত Google Meet এ শিক্ষকগণ পাঠদান করছেন। এছাড়া ওয়ার্কসীটের মাধ্যমে শিক্ষার্থীদের বাড়ীর কাজ চলমান আছে। বিদ্যালয়ের অফিস কক্ষ নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য প্রধান শিক্ষকগণকে পরামর্শ প্রদান করা হচ্ছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, চর রাজিবপুর |
| ১১ | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় উপস্থিত না থকায় উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান কোর্ট বিল্ডিং এ তিনটি কক্ষে যুব উন্নয়ন অফিসের অবস্থান। তিনটি কক্ষই খুবই ঝুকিপুর্ণ। উপর থেকে আস্তরণ খসে খসে পড়ছে। কক্ষ তিনটি মেরামতের সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর |
| ১৩ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ করতে হবে। | উপজেলা সমবায় কর্মকতা, চর রাজিবপুর |
| ১৪ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান অত্রাফিসের ঋণ বিতরণ এবং আদায় সন্তোষজনক। এছাড়া উদকণিক প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে ২২তম ব্যাচের ট্রেনিং আগামী সেপ্টেম্বর'২০২১ মাসের প্রথম সপ্তাতে শুরু হবে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর |
| ১৫ | পরিবেশ ও বন বিভাগ | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় উপজেলা পরিবেশ ও বন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন নার্সারী, চর রাজিবপুর |
| ১৬ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান শিক্ষার্থীদের (৬ষ্ঠ-দ্বাদশ) ইউনিক আইডি প্রদান বিষয়ক প্রতিষ্ঠান প্রধানগণ ও আইসিটি শিক্ষকগণ এর ২দিন ব্যাপী প্রশিক্ষণ কর্মসূচী সম্পাদন। এসএসসি ও এইচএসসি২০২১ ব্যাচের শিক্ষার্থীদের মাঝে এ্যাসাইনমেন্ট কার্যক্রম চলমান। শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শিক্ষা কার্যক্রম শুরুর পূর্বেই পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার বিষয়ে নির্দেশনা প্রদান। আগামী মাসে বিদ্যালয়গুলোতে শিক্ষা কার্যক্রম শুরু করার সম্ভাবনা রয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর |
| ১৭ | পরিষদের রাজস্ব তহবিল | উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর সভায় জানান যে, স্বচ্ছতা বজায় রেখে জনস্বার্থে সকলকে কাজ করতে হবে। তিনি আরও জানান উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ মোতাবেক আগস্ট/২০২১ খ্রিঃ মাসে নিম্নবর্ণিতভাবে খাত ভিত্তিক ও উপখাতে ব্যয় করা প্রয়োজন। সভায় অনুমোদনের জন্য খাত ভিত্তিক ব্যয় উপস্থাপন করা হয়।<br>০১। উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণের আগস্ট/২০২১ মাসের সম্মানী=৯৯,০০০/- (নিরানব্বই) হাজার টাকা।<br>০২। অভ্যন্তরীণ যোগাযোগ বৃদ্ধি, বার্তা ও উপাত্তের আদান প্রদানে ইন্টারনেট ব্যবহার বাবদ ব্যয়-১৫,০০০/-(পনের হাজার) টাকা। | ০১। আগস্ট/২০২১ খ্রিঃ মাসে বর্ণিত খাত ভিত্তিক ও উপখাতে উল্লেখিত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা পরিষদ চেয়ারম্যান, চর রাজিবপুর<br>০২। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ০৩। ক. আপ্যায়ন বাবদ ব্যয় =৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।<br>০৪। অফিস আনুষাঙ্গিক (অপসেট পেপার, টিস্যু বক্স, এ্যারোসল, ফাইল বোর্ড বাবদ) ব্যয় =৫,০০০/- (পাঁচ হাজার) টাকা।<br>০৫। সুইপার ০১(এক) জন দৈনিক মজুরী (৫০০×২১ দিন) = ১০,৫০০/-(দশ হাজার পাঁচশত) টাকা।<br>০৬। ১৫ আগস্ট'২০২১ জাতীয় শোক দিবস উদযাপনে আপ্যায়ন ও আনুষাঙ্গিক ব্যয় =২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা।<br>০৭। জুলাই ও আগস্ট/২০২১ খ্রিঃ পর্যন্ত দৈনিক সংবাদ পত্রের বিল =১,৭৫০/-(এক হাজার সাতশত পঞ্চাশ) টাকা।<br>এ বিষয়ে সভায় আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | | |
| ১৮ | বিবিধ | | | |
| ১৮ (১) | উপজেলা খাদ্য অধিদপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান সভায় উপস্থিত না থাকায় উপজেলা খাদ্য অধিদপ্তর সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চর রাজিবপুর |
| ১৮ (২) | উপজেলা রিসোর্স সেন্টার | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার সভায় উপস্থিত না থাকায় উপজেলা রিসোর্স সেন্টার সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, চর রাজিবপুর |
| ১৮ (৩) | রাজিবপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, রাজিবপুর ইউপি সভায় জানান রাজিবপুর ইউনিয়ন পরিষদের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান রাজিবপুর বাজারের উন্নয়ন কাজের বকেয়া বিল প্রদানের জন্য অনুরোধ জানান। শিবের ডাঙ্গী বাজার হতে পূর্ব দিকে হাইস্কুল পর্যন্ত রাস্তা আরসিসি দ্বারা পাকা করণ। মরিচাকান্দি মধ্য মোড় হতে পূর্ব দিকে হাজী বারেকের বাড়ী পর্যন্ত রাস্তা পাকা করণ। টাঙ্গালিয়া পাড়া খাজার ঘাটে নদীর উপর ব্রীজের প্রয়োজন। রাজিবপুর হাট-বাজারের বিভিন্ন উন্নয়ন করা প্রয়োজন। অতিবৃষ্টিক কারণে ভাঙ্গা রাস্তাগুলি মেরামত করা প্রয়োজন। রাজিবপুর ভূইয়া পাড়ার রাস্তা, মিয়া পাড়া হাফিজিয়া মাদ্রাসার সামনে ভাঙ্গা রাস্তা মেরামত করা প্রয়োজন। রাজিবপুর ইউপি কমপ্লেক্স ভবন মেরামতসহ চুনকাম করা প্রয়োজন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ করতে হবে। | চেয়ারম্যান, রাজিবপুর ইউপি, চর রাজিবপুর |
| ১৮ (৪) | কোদালকাটি ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, কোদালকাটি ইউপি সভায় উপস্থিত না থাকায় কোদালকাটি ইউনিয়নের দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | চেয়ারম্যান, কোদালকাটি ইউপি'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | চেয়ারম্যান, কোদালকাটি ইউপি, চর রাজিবপুর |
| ১৮ (৫) | মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান মোহনগঞ্জ ইউনিয়নের বিভিন্ন ভাঙ্গা রাস্তা মেরামত করা প্রয়োজন। মহল্লাদার(গ্রাম পুলিশ) ৫জন নিয়োগ দেওয়া প্রয়োজন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ করতে হবে। | চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি, চর রাজিবপুর |
| ১৮ (৬) | রাজিবপুর থানা | অফিসার ইনচার্জ, রাজিবপুর থানা সভায় উপস্থিত না থাকায় উপজেলা আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | অফিসার ইনচার্জ, রাজিবপুর থানাকে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | অফিসার ইনচার্জ, রাজিবপুর থানা, চর রাজিবপুর |
| ১৮ (৭) | ঢুষমারা থানা | অফিসার ইনচার্জ, ঢুষমারা থানা সভায় উপস্থিত না থাকায় ঢুষমারা থানার আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হল না। | অফিসার ইনচার্জ, ঢুষমারা থানা'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | অফিসার ইনচার্জ, ঢুষমারা থানা |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ (৮) | নির্বাচন বিভাগ | উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা নির্বাচন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা নির্বাচন কর্মকর্তা'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১৮ (৯) | আনসার ও ভিডিপি দপ্তর | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা আনসার ও ভিডিপি দপ্তর সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ করতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১৮(১০) | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান অত্রাফিসের ছাদ দিয়ে পানি ঝড়ে। ছাদের আস্তরণ খসে পড়ছে। যে কোন সময় দুর্ঘটনা ঘটতে পারে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ করতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১৮(১১) | আমার বাড়ি আমার খামার প্রকল্প | সমন্বয়কারী, আমার বাড়ি আমার প্রকল্প সভায় উপস্থিত না থাকায় আমার বাড়ি আমার খামার প্রকল্প সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | সমন্বয়কারী, আমার বাড়ি আমার প্রকল্প'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প |
| ১৮(১২) | দারিদ্র বিমোচন বিভাগ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান অত্র মাসে সদস্য ভর্তি ১১ জন। সঞ্চয় আদায় ৪.৫৬ লক্ষ টাকা। ঋণ বিতরণ ৩২.১৫ লক্ষ টাকা। ঋণ আদায় ২৬.৫৭ লক্ষ টাকা। আদায় হাট ৯৫%। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ করতে হবে। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকতা, চর রাজিবপুর |
| ১৮(১৩) | তথ্য আপা ঃ (২য় পর্যায়) | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা সভায় জানান স্বাস্থ্য বিধি মেনে এবং সামাজিক দুরত্ব বজায় রেখে সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। করোনার টিকা গ্রহণের জন্য ফ্রি-রেজিস্ট্রেশন করা হয়েছে ৪০০-৫০০ জনের। প্রায় ২০০ জনকে প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ করতে হবে। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা ঃ (২য় পর্যায়) |
| ১৮(১৪) | পল্লী বিদ্যুৎ সমিতি | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি সভায় সভায় উপস্থিত না থাকায় উপজেলা পল্লী বিদ্যুৎ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ করতে হবে। | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি |
| ১৮(১৫) | প্রেসক্লাব | সভাপতি, প্রেসক্লাব, চর রাজিবপুর সভায় বিধি মোতাবেক ও সুষ্ঠুভাবে সকল দপ্তরের কাজ করতে অনুরোধ করেন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা। |
| ১৮(১৬) | বিজিবি | কোম্পানী কমান্ডার, বালিয়ামারী বিওপি সভায় উপস্থিত না থাকায় সীমান্ত পরিস্থিতি সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | কোম্পানী কমান্ডার, বালিয়ামারী বিওপি'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | কোম্পানী কমান্ডার, বালিয়ামারী বিজিবি, চর রাজিবপুর |
| ১৮(১৭) | উপজেলা পরিষদের সংরক্ষিত মহিলা সদস্য | উপজেলা পরিষদের সংরক্ষিত মহিলা সদস্য সভায় উপস্থিত না থাকায় তার বক্তব্য সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা পরিষদের সংরক্ষিত মহিলা সদস্যকে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পরিষদের সংরক্ষিত মহিলা সদস্য, চর রাজিবপুর |
| ১৮(১৮) | মহিলা ভাইস চেয়ারম্যান | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সভায় জানান স্বচ্ছতা বজায় রেখে উপজেলা পর্যায়ে প্রতিটি দপ্তরের কাজ সঠিকভাবে করতে হবে। | স্বচ্ছতা এবং জবাবহিদিতা মূলক কাজ নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা পরিষদ চেয়ারম্যান, চর রাজিবপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর |
| ১৮(১৯) | ভাইস চেয়ারম্যান | উপজেলা ভাইস চেয়ারম্যান সভায় জানান স্বচ্ছতা বজায় রেখে উপজেলা পর্যায়ে প্রতিটি দপ্তরের কাজ সঠিকভাবে করতে হবে। | স্বচ্ছতা এবং জবাবহিদিতা মূলক কাজ নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা পরিষদ চেয়ারম্যান, চর রাজিবপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর |

**(১৯)** সাধারণ সম্পাদক, বাংলাদেশ আওয়ামীলীগ, রাজিবপুর উপজেলা শাখা সভায় জানান যে, হাট-বাজারে অতিরিক্ত টোলরেট আদায় করা হচ্ছে। রাজিবপুর শ্যালো ঘাটে নৌকা পারাপারে অতিরিক্ত ভাড়া আদায় করছে। এ বিষয়ে খতিয়ে দেখার জন্য উপজেলা নির্বাহী অফিসার'কে অনুরোধ করেন। তিনি আরও জানান মোহনগঞ্জ ইউনিয়নে পন্টুন স্থাপন করে অবৈধভাবে নতুন ঘাট নির্মাণের বিষয়ে প্রয়োজনী আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।

চলমান পাতা-৬

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর সভায় জানান যে, উপজেলা পরিষদের সকল দপ্তরের কর্মকর্তাকে স্বচ্ছতা বজায় রেখে সরকারের সকল উন্নয়ন কর্মকান্ড সকলকে স্ব-স্ব অবস্থান থেকে সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করেন। উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় অনুপস্থিত কর্মকর্তাগণকে কারণ দর্শানোর নোটিশ দেয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসার'কে অনুরোধ করেন। তিনি আরও জানান মোহনগঞ্জ ইউনিয়নে নয়াচর পল্টুন স্থাপন করে অবৈধভাবে নতুন ঘাট স্থাপন করে নৌকা পারাপারে টোল আদায় করেছন। ইহা সম্পুর্ণ বেআইনী ভাবে নৌকা পারাপারে বিশৃঙ্খলার সৃষ্টি করছেন।

উক্ত স্থানে মারামারিসহ আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটতে পারে। এ বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর'কে অনুরোধ করেন। তিনি আরও জানান বর্তমানে হাট-বাজার ও ঘাট ইজারা মূল্য বৃদ্ধি পাওয়ায় ইজারাদার কর্তৃক হাট-বাজারে টোলরেট ও ঘাটের নৌকা ভাড়া কিছুটা বৃদ্ধি করেছে। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ মোহনগঞ্জ ইউনিয়নে অবৈধভাবে নতুন ঘাট স্থাপনের বিষয়টি সরেজমিনে তদন্ত পূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬/০৮/২২

(মোঃ আকবর হোসেন হিরো)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ফোনঃ ০৫৮২৩-৫৬২২২
ই-মেইল ঃ chairmanUZPrajibpur@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০৮.০০০.০৩.০৫৯.২০-৭০৮

তারিখ ঃ ১১ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ
২৬ আগস্ট ২০২১ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'ল ঃ**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ২৮, কুড়িগ্রাম-৪।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ (উপজেলা শাখা), স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
৭। উপজেলা ..........................................কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। তাঁকে সভার সিদ্ধান্ত অনুযায়ী তাঁর জন্য প্রযোজ্য অংশটুকুর বাস্তবায়ন প্রতিবেদন আগামী সভার মধ্যেই প্রেরণ করার অনুরোধ করা হলো।
৮। চেয়ারম্যান, রাজিবপুর/কোদালকাটি/মোহনগঞ্জ ইউ.পি, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
৯। অফিস কপি।

(মোঃ নবীরুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী অফিসার
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ই-মেইল ঃ unorajibpur@mopa.gov.bd